**AKASHVANI(Kolkata)**

**Regional News Unit**

**Date: 02-01-2026** **Desk in Charge:- SDG**

**Time: 1-30 PM** **Compiling :- Raktim B./ Shuvra C.**

**DEO: KB** **NRT : Shuvra C.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ -

## বিশেষ বিশেষ খবর –

১/ মুম্বই-আমেদাবাদ বুলেট ট্রেন প্রকল্প-এ, বিরার ও বৈসার-এর মধ্যে সংযোগকারী প্রায় দেড় কিলোমিটার দীর্ঘ সুড়ঙ্গ পথ তৈরী এক বড়সর মাইলফলক বলে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন।

২/ এন্যুমারেশনের পর ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ার শুনানি পর্বেও, প্রান্তিক ও অনগ্রসর শ্রেণির মানুষদের অন্তর্ভুক্তি নিশ্চিত করতে বিশেষ সুবিধা দেওয়ার কথা ঘোষণা করেছে নির্বাচন কমিশন।

৩/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল ভগবান বুদ্ধের স্মৃতি বিজড়িত পবিত্র পিপরাওয়া স্মারকের আন্তর্জাতিক প্রদর্শনীর উদ্বোধন করবেন।

৪/ কেরালার সমাজ সংস্কারক মান্নাথু পদ্মনাভনের জন্মবার্ষিকীতে আজ, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, শ্রদ্ধা জানিয়েছেন।

৫/ সুইৎজারল্যান্ডের ক্রান্স-মনটানায় মর্মান্তিক অগ্নিকান্ডের ঘটনায় ভারত শোক প্রকাশ করেছে। # এই অগ্নিকাণ্ডে অন্তত ৪০ জনের মৃত্যু হয়েছে।

****************************************************************************

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আজ বলেছেন, মুম্বই আমেদাবাদ বুলেট ট্রেন প্রকল্পে, মহারাষ্ট্রের পালঘরের বিরার ও বৈসারের মধ্যে সংযোগকারী প্রায় দেড় কিলোমিটার দীর্ঘ সুড়ঙ্গ পথ তৈরি, এক বড়সড় মাইল ফলক স্পর্শ করেছে। পালঘরে হাই স্পীড টানেল ব্রেক থ্রু প্রোগ্রামে, ভার্চুয়ালি ভাষণে রেলমন্ত্রী বলেন, মোট ৭ টি পাহাড়–সুড়ঙ্গ এবং একটি সমুদ্র-সুড়ঙ্গ রয়েছে এই প্রকল্পে। গতকালই তিনি জানান, আগামী বছরের ১৫ ই আগস্ট ভারত সম্ভবত প্রথম বুলেট ট্রেন পরিষেবা পেতে চলেছে। গতকাল নতুন দিল্লীতে সাংবাদিকদের তিনি বলেন, মুম্বই আমেদাবাদের মধ্যে প্রথম বুলেট ট্রেন প্রকল্পের কাজ চলছে। প্রথম পর্যায়ে এই ট্রেন চলবে সুরাট থেকে বিলিমোরা এবং পরবর্তী পর্যায়ে তা সুরাট থেকে ভাপি পর্যন্ত চলবে। রেল মন্ত্রী আরও জানান, মুম্বই আমেদাবাদ বুলেট ট্রেন প্রকল্পের কাজ শুরু হয়েছিল ২০২১-এর এপ্রিলে এবং তা শেষ হবে আগামী বছর। ৫০৮ কিলোমিটার দীর্ঘ এই দ্রুত গতির রেল করিডোরে থাকবে মোট ১২ টি স্টেশন। রেলমন্ত্রী জানিয়েছেন, এই করিডোরের মাধ্যমে সংযুক্ত হবে সবরমতি, আমেদাবাদ, আনন্দ, ভদোদরা, ভারুজ, সুরাট, বিলিমোরা, ভাপি, বৈসার, বিরার, থানে এবং মুম্বই।

***************************

নতুন বছরে দাঁড়িয়ে ফিরে তাকালে দেখা যায় বর্তমান কেন্দ্রীয় সরকার উন্নত ভারত গড়ে তুলতে নিয়েছে বহু পদক্ষেপ। যার মধ্যে দেশের রেল যোগাযোগ ব্যবস্থা অন্যতম।

একটি প্রতিবেদন- ( ক্যাপসুল- কাশফিন )

***************************

এনিউমারেশনের পর SIR প্রক্রিয়ার শুনানি পর্বেও প্রান্তিক ও পিছিয়ে পড়া শ্রেণির মানুষদের অন্তর্ভুক্তি নিশ্চিত করতে বিশেষ সুবিধা দিয়েছে নির্বাচন কমিশন। যৌনকর্মী, বিশেষভাবে ঝুঁকিপূর্ণ আদিবাসী গোষ্ঠী (পিভিটিজি), আশ্রমের আবাসিক ও একই ধরনের অবস্থায় থাকা ব্যক্তিদের শুনানি প্রক্রিয়ায় বাড়তি সহায়তা দেওয়ার কথা বলে এক নির্দেশিকা জারি করা হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের

দপ্তরের তরফে সমস্ত জেলা নির্বাচনী আধিকারিকদের এবিষয়ে ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। নির্দেশিকায় বলা হয়েছে, কোনও কারণে যদি সংশ্লিষ্ট ব্যক্তিরা ২০০২ সালের ভোটার তালিকার সঙ্গে সংযুক্তির প্রামাণ্য নথি পেশ করতে না পারেন, সেক্ষেত্রে জেলা নির্বাচনী আধিকারিককে সরাসরি সংশ্লিষ্ট এলাকা, বসতি বা প্রতিষ্ঠানে গিয়ে ব্যক্তিগতভাবে যাচাই করতে হবে। সেখানে প্রকাশ্য শুনানি বা তদন্ত করে বয়ান ও অন্যান্য প্রাসঙ্গিক প্রমাণ সংগ্রহ করতে হবে। পুরো প্রক্রিয়া ভিডিওগ্রাফির মাধ্যমে নথিভুক্ত করার পাশাপাশি যাচাই শেষে যোগ্য ব্যক্তিদের একটি তালিকা তৈরি করতে বলা হয়েছে। এছাড়াও সংশ্লিষ্ট এলাকার বুথ লেভেল এজেন্টদের মতামত, আপত্তি বা সম্মতিও শুনানি প্রক্রিয়ার অংশ হিসেবে নথিভুক্ত করতে হবে। এই পুরো প্রক্রিয়ার ভিত্তিতে প্রস্তুত করা যাচাই করা তালিকা পাঠাতে হবে ERO ও AERO দের কাছে । আইন অনুযায়ী সংশ্লিষ্ট এনুমারেশন ফর্ম নিষ্পত্তির সময় এই নথিপত্রের প্রমাণমূল্য বিবেচনা করার নির্দেশও দেওয়া হয়েছে।

**************************

কলকাতা হাইকোর্টের নির্দেশে বাতিল হওয়া কোনও OBC সার্টিফিকেট, এসআইআরের কাজে ব্যবহার করা যাবে না বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক-এর দপ্তর থেকে জারি করা নির্দেশিকায় বলা হয়েছে, হাইকোর্টের নির্দেশ অনুযায়ী SIR সংক্রান্ত শুনানির সময় কোন্ কোন্ ওবিসি শংসাপত্র গ্রহণযোগ্য হবে, সে বিষয়ে স্পষ্ট উল্লেখ করা হয়েছে। সেই অনুযায়ী ২০১০ সালের আগে জারি হওয়া এবং হাইকোর্টে চ্যালেঞ্জ না হওয়া ওবিসি শংসাপত্রগুলিই আইনত বৈধ হিসেবে গণ্য হবে। একইসঙ্গে নির্বাচন কমিশনের অনুমোদিত নথির তালিকাভুক্ত ২০১০ সালের পর জারি হওয়া এবং হাইকোর্টের অন্তর্বর্তী নির্দেশে স্থগিতাদেশ না থাকা শংসাপত্রগুলি শর্তসাপেক্ষে বিবেচিত হতে পারে। মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে জেলা নির্বাচনী আধিকারিক, ইআরও এবং এইআরও-দের নির্দেশ দেওয়া হয়েছে, শুনানির সময় কোনও নথি গ্রহণের ক্ষেত্রে আদালতের নির্দেশ এবং নির্বাচন কমিশনের রূপরেখা কঠোরভাবে মানতে হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট শংসাপত্রের সত্যতা যাচাইয়ের জন্য অতিরিক্ত নথি তলব করা যাবে।

পাশাপাশি, ভবিষ্যতে আদালতের কোনও নতুন নির্দেশ এলে সেই অনুযায়ী প্রক্রিয়ায় পরিবর্তন আনা হবে বলেও জানানো হয়েছে।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল ভগবান বুদ্ধের স্মৃতি বিজড়িত পবিত্র পিপরাওয়া (Piprahwa) স্মারকের আন্তর্জাতিক প্রদর্শনীর উদ্বোধন করবেন। নতুন দিল্লির রায় (Rai) পিথোরা সাংস্কৃতিক কেন্দ্রে কাল প্রদর্শনী শুরু হচ্ছে। নতুন দিল্লির জাতীয় জাদুঘর এবং কলকাতা জাদুঘরে পিপরাওয়া থেকে পাওয়া ১০০ বছর ধরে রক্ষিত সামগ্রী এই প্রথমবার প্রদর্শিত হতে চলেছে।

প্রধানমন্ত্রীর দপ্তর এক বিবৃতিতে জানিয়েছে, ১৮৯৮ সালে পিপরাওয়া স্মারকগুলি আবিষ্কৃত হয়। বৌদ্ধ ধর্মের আদি পর্বের পুরাতাত্বিক নিদর্শন এই সমস্ত সামগ্রী ।

*************************

এই প্রথম রাজধানী দিল্লির কর্তব্য পথে সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে সেনাবাহিনীর বন্যপ্রাণ বিভাগ অংশগ্রহণ করবে। চলাচলের পক্ষে অত্যন্ত বিপদসঙ্কুল এলাকায় সামরিক অভিযান চালানোর ক্ষেত্রে এই বন্যপ্রাণ বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই বিভাগে দুটি ব্যাকট্রিয়ান উঠ, চারটি জানস্কর পনি, চারটি raptors ১০ টি ভারতীয় প্রজাতির সেনা সারমেয়র সঙ্গে ছটি প্রচলিত সেনা সারমেয় কাজ করছে। সেনা সূত্রে বলা হয়েছে এই বিভাগ চিরাচরিত ঐতিহ্যের সঙ্গে উদ্ভাবনী ও আত্মনির্ভরতার সমন্বয় সাধন করেছে।

*************************

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ কেরালার সমাজ সংস্কারক মান্নাথু পদ্মনাভনের জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়েছেন। উপরাষ্ট্রপতি এক সোশ্যাল মিডিয়ায় পোস্টে পদ্মনাভনকে দূরদর্শী ব্যক্তি হিসাবে বর্ণনা করে বলেন, তাঁর সমগ্র জীবন সামাজিক ঐক্য, সমতা এবং জাতীয় সংহতির প্রতি নিবেদিত।

অন্যদিকে, সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে প্রধানমন্ত্রী বলেছেন, পদ্মনাভন বিশ্বাস করতেন প্রকৃত অগ্রগতি-মর্যাদা, সাম্য এবং সামাজিক সংস্কারের মধ্যে নিহিত। স্বাস্থ্য, শিক্ষা, নারী ক্ষমতায়নের মতো ক্ষেত্রে পদ্মনাভনের প্রচেষ্টাকে অত্যন্ত অনুপ্রেরণামূলক বলে অভিহিত করেছেন শ্রী মোদী।

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ মান্নাথ পদ্মনাভনকে একজন সমাজ সংস্কারক এবং ধর্মপ্রাণ দেশপ্রেমিক হিসাবে বর্ণনা করেছেন।

*************************

ভারতীয় আবহাওয়া দপ্তর-IMD ওড়িশা, পাঞ্জাব, হরিয়ানা, চন্ডিগড় ও দিল্লিতে আগামী পাঁচ তারিখ পর্যন্ত ঘন থেকে অতি ঘন কুয়াশার পূর্বাভাস দিয়েছে। আজও ঘন কুয়াশা থাকবে অসম, মেঘালয়, বিহার, হিমাচল প্রদেশ, নাগাল্যান্ড, মনিপুর, মিজোরাম, ত্রিপুরা, উত্তর প্রদেশ, উত্তরাখণ্ড, পশ্চিমবঙ্গ ও সিকিমে।

মৌসম ভবন জানিয়েছে আজ ও আগামীকাল হরিয়ানা, চন্ডিগড়, দিল্লী, হিমাচল প্রদেশ ও পাঞ্জাবে শৈত্য প্রবাহের সম্ভাবনা রয়েছে।

*************************

ঘন কুয়াশার কারণে দৃশ্যমানতা কম থাকায় দেশের বিভিন্ন স্থানে বেশ কয়েকটি ট্রেন চলাচল ব্যাহত হয়েছে। ভারতীয় রেল জানিয়েছে, ৩১টি ট্রেন দুই ঘণ্টারও বেশি দেরিতে চলছে। যাত্রীদের স্টেশনে পৌঁছানোর আগে ট্রেনের শেষ অবস্থান জেনে নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

*************************

জম্মু কাশ্মীরে আবহাওয়া প্রধানত শুষ্ক রয়েছে। গত বছরের ২১ শে ডিসেম্বর থেকে ৪০ দিন ব্যাপি শীতলতম আবহাওয়া, “চিল্লাইকালান” চলছে। তবে সেরকম ধরনের বৃষ্টি বা তুষারপাতের খবর নেই। দুদিন আগে দুর্বল পশ্চিমী ঝঞ্ঝার কারণে উত্তর কাশ্মীরের কিছু অংশে হাল্কা বৃষ্টি এবং তুষারপাত হয়।

অন্যদিকে, নতুন বছর উপলক্ষে দেশের বিভিন্ন অংশ থেকে পর্যটকরা ভিড় জমিয়েছেন কাশ্মীরে। পর্যটকদের স্থানীয় আবহাওয়া সংক্রান্ত সতর্কতার দিকে নজর রাখতে বলা হয়েছে।

**************************

বাংলাদেশের দুষ্কৃতীরা আরও এক হিন্দু ব্যবসায়ীকে নৃশংসভাবে আক্রমণ করার পর গায়ে আগুন ধরিয়ে দেয়। শরিদপুর জেলার দামুদাওয়ায় কেউরভাঙা বাজারের কাছে ৫০ বছর বয়সী খোকন চন্দ্র দাসের ওপর এই হামলা করা হয়। দোকান বন্ধ করে অটো রিকশা করে বাড়ি ফেরার পথে তাঁর ওপর দুষ্কৃতিরা ধারালো অস্ত্র দিয়ে হামলা চালায়। পরে মাথায় পেট্রোল ঢেলে আগুন জ্বালিয়ে দেয়। প্রাণ বাঁচাতে শ্রী দাস পুকুরে ঝাঁপ দেন। চিকিৎসকরা জানিয়েছেন, তাঁর মাথা, মুখ, হাত ও তলপেটে গভীর ক্ষত ও আগুনে ঝলসে যাওয়ার চিহ্ন রয়েছে।

**************************

সুইৎজারল্যান্ডের ক্রান্স-মনটানায় মর্মান্তিক অগ্নিকান্ডের ঘটনায় ভারত শোক প্রকাশ করেছে। এক সোশ্যাল মিডিয়া পোস্টে সুইৎজারল্যান্ডের ভারতীয় দূতাবাস জানিয়েছে, এই কঠিন সময়ে ভারত সুইস সরকার এবং সেদেশের জনগণের পাশে রয়েছে।

আগেই জানানো হয়েছে, সুইজারল্যান্ডের আলপাইন স্কি রিসোর্টের ক্রান্স-মনটানার একটি বারে নববর্ষ উদযাপনের সময় বিস্ফোরণের পর বিধ্বংসী অগ্নিকাণ্ডে অন্তত ৪০ জনের মৃত্যু হয়েছে। আহত হন ১১৫ জন। স্থানীয় প্রশাসন জনসাধারণকে ওই এলাকা থেকে দূরে থাকার পরামর্শ দিয়েছে। পুলিশ কম্যান্ডার ফ্রেডরিক গিসলার জানিয়েছেন, নিহত ও আহতদরে চিহ্নিত করার কাজ চলছে এবং তাদের পরিবরাবর্গকেও খবর দেওয়া হয়েছে। কর্তৃপক্ষ বিস্ফোরণের কারণ অনুসন্ধানে তদন্তের আদেশ দিলেও হামলার আশঙ্কা উড়িয়ে দিয়েছেন।

সুইস রাষ্ট্রপতি গায় পারমেলিন তার নববর্ষের ভাষণ বাতিল করেন এবং নিহত ও আহতদের পরিবারবর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন।

**************************

তাইওয়ানের রাষ্ট্রপতি লাই চিং তে বলেছেন, তাইওয়ান তার সার্বভৌমত্ব রক্ষা করতে দৃঢ় প্রতিজ্ঞ এবং চীনের আগ্রাসী বিস্তার মনোভাবের বিরুদ্ধে তারা প্রতিরক্ষা ব্যবস্থা আরও মজবুত করছে। বেজিং সামরিক মহড়ার অঙ্গ হিসাবে ঐ দ্বীপ লক্ষ্য করে রকেট ছোঁড়ার পরই সেদেশের রাষ্ট্রপতি এই মন্তব্য করেন। রাষ্ট্রপতি আরও বলেছেন, দেশের সার্বভৌমত্ব রক্ষায় তার মনোভাব প্রথম থেকেই তিনি স্পষ্ট ভাষায় জানিয়েছেন এবং সে কারণে জাতীয় নিরাপত্তা আরও সুদৃঢ় করা হয়েছে।

এদিকে, মার্কিন বিদেশ দপ্তর গতকাল বলেছে, তাইওয়ান এবং আশপাশ অঞ্চলে চীনা সেনার তৎপরতা অহেতুক উত্তেজনা বৃদ্ধি করছে। ঐ দ্বীপের গণতান্ত্রিক সরকারের বিরুদ্ধে যেকোনো ধরনের সেনা পদক্ষেপ বন্ধের আর্জি জানিয়েছে তারা।

*******************************************************************